

পরমাণু প্রকৌশল উচ্চশিক্ষায় রুশ বৃত্তি পাচ্ছে আরো ২০ বাংলাদেশি

■ ইত্তেফাক রিপোর্ট

রাশিয়ায় নিউক্লিয়ার ইঞ্জিনিয়ারিং (পরমাণু প্রকৌশল) বিষয়ে উচ্চশিক্ষার জন্য চলতি বছর আরও ২০ বাংলাদেশি শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করবে রুশ সরকার। দেশটির রাষ্ট্রীয় পারমাণবিক শক্তি কর্পোরেশন রসাতমের কোটা থেকে এ বৃত্তি প্রদান করা হচ্ছে। ঢাকাস্থ রুশ বিজ্ঞান ও সংস্কৃতি কেন্দ্রের পরিচালক আলেক্সান্ডার ডেমিন এ তথ্য জানিয়েছেন।

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা রাশিয়ার শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষা গ্রহণের সুযোগ পাবেন। এগুলোর মধ্যে রয়েছে মস্কোর জাতীয় পরমাণু গবেষণা বিশ্ববিদ্যালয় মেফি এবং মেফি'র অবনিস্কক শাখা এনআরএনইউ মেফি। শিক্ষা প্রোগ্রামের অংশ হিসেবে ছাত্র-ছাত্রীরা মূলত পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের নকশা, অপারেশন এবং ইঞ্জিনিয়ারিং সম্পর্কে শিক্ষালাভ করতে পারবেন।

অ্যালেক্সান্ডার ডেমিন জানান, শিক্ষার্থী নির্বাচনের লক্ষ্যে গণিত এবং পদার্থবিদ্যায় পরীক্ষাসহ প্রাথমিকভাবে নির্বাচিত অ্যাবেদনকারীদের সাক্ষাৎকারের কাজ সম্পন্ন হয়েছে। এ কাজে সহায়তা করেছে রুপপুর পারমাণবিক বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নকারী রুশ রাষ্ট্রীয় কর্পোরেশন রসাতম। প্রাথমিকভাবে নির্বাচিত প্রায় ১০০ জন মেধাবী শিক্ষার্থীর মধ্যে কমপক্ষে ২০ জনকে ব্যাচেলর এবং মাস্টার্স প্রোগ্রামের জন্য নির্বাচিত করা হবে। বর্তমানে মেফিতে প্রায় ৫০ জন বাংলাদেশি উচ্চশিক্ষা লাভ করছেন। প্রথম ব্যাচটির গ্রাজুয়েশন আগামী বছর সম্পন্ন হবে।

ডেমিন আরো জানান, এ বছর চিকিৎসাশাস্ত্র, কৃষি, সাংবাদিকতা, ললিত কলাসহ বিভিন্ন বিষয়ে উচ্চশিক্ষা লাভের জন্য ৬০ জনের অধিক বাংলাদেশি রাশিয়া যাবার সুযোগ পাবেন।

ব্যানবেইস	
পরিচালকের কার্যালয়	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
চীফ, পরিসংখ্যান বিভাগ	
চীফ, ডি.এল.পি বিভাগ	
সিস্টেম এনালিস্ট	
সিস্টেম ম্যানেজার	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	
কার্যার্থে/জ্ঞাতার্থে	
	স্বাক্ষর